

প্রেস বিজ্ঞপ্তি

## ইউনেস্কোর নির্বাহী বোর্ডের সভা

বিশ্বকে সহিংসতামুক্ত করে শান্তি প্রতিষ্ঠায় জনপ্রশাসন সচিবের আহ্বান


প্যারিস, ১৫/০৪/২০১৫:

বিশ্বকে সহিংসতামুক্ত করে শান্তি প্রতিষ্ঠায় সর্বোচ্চ অগ্রাধিকার প্রদানের জন্য বিশ্ব সম্প্রদায়ের প্রতি আহ্বান জানিয়েছেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী। গত ১৪ এপ্রিল ফ্রান্সের প্যারিসে অনুষ্ঠিত ইউনেস্কোর নির্বাহী বোর্ডের ১৯৬তম অধিবেশনে বাংলাদেশের প্রতিনিধি হিসেবে তিনি এ আহ্বান জানান।

ইউনেস্কোর নির্বাহী বোর্ডের ভাইস-চেয়ারম্যান ড. কামাল আবদুল নাসের চৌধুরী বিশ্বকে মানবজাতির জন্য বাসযোগ্য করতে সারা বিশ্বের শিক্ষা কার্যক্রমের পাঠ্যসূচিতে 'বিশ্ব শান্তির জন্য শিক্ষা' অর্ন্তভুক্ত করার ওপর গুরুত্ব আরোপ করেন। তিনি প্রতিবন্ধী শিশুদের শিক্ষার আওতায় আনার বিষয়েও জোর দেন। এ বিষয়ে তিনি অটিজম আক্রান্ত শিশুসহ অনগ্রসর শিশুদের উন্নয়নে বাংলাদেশ সরকারের বিভিন্ন পদক্ষেপ তুলে ধরেন।

ড. চৌধুরী বিভিন্ন দেশের মধ্যে সংস্কৃতি বিনিময়ের মাধ্যমে শান্তি প্রতিষ্ঠার বিষয়কে গুরুত্ব প্রদানের জন্য বিশ্ব সম্প্রদায়ের দৃষ্টি আকর্ষণ করেন। এবিষয়ে সকল সদস্য দেশকে সম্মিলিতভাবে কাজ করার জন্য তিনি অনুরোধ করেন।

ইউনেস্কোর এ অধিবেশনে বাংলাদেশের ৫ সদস্যের প্রতিনিধির মধ্যে ছিলেন ফ্রান্সে বাংলাদেশের রাষ্ট্রদূত এম শহিদুল ইসলাম এবং ইউনেস্কো বিষয়ক বাংলাদেশের জাতীয় কমিশনের সচিব মোঃ মঞ্জুর হোসেন। নির্বাহী বোর্ডের এ অধিবেশন ৮ এপ্রিল শুরু হয়ে ২৩ এপ্রিল পর্যন্ত চলবে।



মোঃ তোহিদুল ইসলাম

সিনিয়র তথ্য অফিসার

জনপ্রশাসন মন্ত্রণালয়

মোবাইলঃ ০১৭১৮৫৪৩৬২৫